গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ শাখা

**বিষয়: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র চূড়ান্ত অনুমোদনের জন্য বাজেট ব্যাবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: রেজাউল আহসান<br>সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| সভার তারিখ ও সময় | : | ০২/০৬/২০২১ (বুধবার) দুপুর ১২.০০ মি:। |
| সভার স্থান | : | সভাকক্ষ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (জুম প্ল্যাটফর্ম)। |

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি এ বিভাগের এপিএ সেল এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব ফারহানা হক, উপসচিব কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান।

আলোচনা:

উপসচিব (এপিএ) এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ বিভাগের ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার, ২০১৮ তে বর্ণিত লক্ষ্য ও পরিকল্পনা, রূপকল্প ২০২১, টেকসই উন্নয়ন অভীস্ট (এসডিজি), ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, মন্ত্রণালয়/বিভাগের মধ্যমেয়াদী বাজেট কাঠামোতে উল্লিখিত Key Performance Indicator (KPI), বিশেষজ্ঞ পুল ও বাজেট ব্যবস্থাপনা কমিটির মতামত/সুপারিশ অন্তর্ভুক্ত করে এবং সময়ে সময়ে সরকার কর্তৃক ঘোষিত কর্মসূচির আলোকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন করা হয়েছে।

০২। তিনি জানান বিগত অর্থ বৎসরের ন্যায় বর্তমান অর্থ বছরেও পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের এপিএ এর কৌশলগত উদ্দেশ্যের আওতাভুক্ত বিভিন্ন নির্দেশকের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা ও অর্জন অধীনস্থ দপ্তর/সংস্থার প্রধান প্রধান নির্দেশকের তথ্য উপাত্ত হতে গৃহীত হয়েছে।

০৩। এজন্য দপ্তর/সংস্থার এপিএ চুক্তির সফল বাস্তবায়নের উপর মন্ত্রণালয়/বিভাগের এপিএ বাস্তবায়নের সাফল্য নির্ভরশীল। কাজেই দপ্তর/সংস্থার প্রধানগণকে তাদের নিজ নিজ চুক্তি পত্রের লক্ষ্যমাত্রা অর্জনে মনিটরিং ও তদারকির উপর বিশেষ নজর দিতে হবে। এ ছাড়া বাধ্যতামূলক সূচকের লক্ষ্যমাত্রা সমূহ অধিকাংশ ক্ষেত্রে Time bound হওয়ায় নির্ধারিত সময়ে অর্জন বিষয়ে এপিএ টিমের সদস্যদেরকে সব সময় সতর্ক থাকতে হবে।

০৪। তিনি আরোও উল্লেখ করেন যে, সর্বশেষ ২০১৯-২০২০ অর্থ বৎসরের এপিএ এর মূল্যায়ন রিপোর্ট অনুযায়ী পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সকল মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ২৯তম স্থান অর্জন করে। ভবিষ্যতে যাতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ আরো ভালো অবস্থানে যেতে পারে সেজন্য এপিএ লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক প্রচেষ্টা প্রয়োজন।

০৫। এ পর্যায়ে সমবায় অধিদপ্তরের নিবন্ধক, বিআরডিবির মহাপরিচালক, আরডিএ/বার্ড/বাপার্ডের মহাপরিচালক, মিল্কভিটা'র ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ'র ব্যবস্থাপনা পরিচালক এবং এসএফডিএফ'র ব্যবস্থাপনা পরিচালক তাদের মতামত ব্যক্ত করেন এবং ২০২১-২০২২ অর্থ বছরের তাদের নিজ নিজ এপিএ'র সূচকের লক্ষ্যমাত্রা সঠিকভাবে অর্জনে মনিটরিং, তদারকি ও সহযোগিতা অতীতের তুলনায় আরো জোরদার করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

০৬।	অত:পর সচিব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ উল্লেখ করেন যে, এপিএ চুক্তি পত্র করার মূল উদ্দেশ্যে প্রতিটি দপ্তর/সংস্থা বা মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক কার্যক্রমের লক্ষ্যমাত্রাকে গাণিতিক সংখ্যায় নির্ধারণ পূর্বক সংশ্লিষ্ট সকলের কার্যক্রম ও অর্জনকে সঠিকভাবে Measure করা ও সার্বিকভাবে প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থা বা মন্ত্রণালয়ের কাজের পরিমান ও গুনগতমান বৃদ্ধি করা। এ সকল কাজের মাধ্যমে জনগণের সেবার গুনগতমান ও পরিমান বৃদ্ধি করে দেশকে উত্তরোত্তর এগিয়ে নেওয়া। এ লক্ষ্যে সকলকে সমন্বিত ভাবে কাজ করতে হবে এবং সকলের সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। এক্ষেত্রে সফল হওয়ার জন্য Hierarchy অনুযায়ী সকল পর্যায়ে তদারকি জোরদার করতে হবে।

০৭।	সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/৮/২২

(মোঃ রেজাউল আহসান)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ